নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত ই/এম এস আই এস বিভাগ-২, ঢাকা।
ডায়েরী নং- ২০৮৪
তারিখ ঃ ২৭/৪/২৫
প্রাপক ঃ-
অ: স: | স: প্র: | উ. বি: প্র: | নি: প্র:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
হিসাব শাখা-১
www.pwd.gov.bd

**স্মারক নম্বর:** ২৫.৩৬.০০০০.০০০.২৩১.২০.০০০৩.২৫.১৬৯

তারিখ: ৩ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
১৬ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) কর্তৃক বাস্তাবায়নাধীন "উপজেলা পর্যায়ে ৫০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন শীর্ষক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে বিএমইটি ভবনের ৮ম তলায় প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ) স্থাপনের লক্ষ্যে প্রকল্প পরিচালকের কক্ষসহ দপ্তরের অন্যান্য কক্ষ আধুনিকায়ন ও সংস্কার কাজের জন্য অর্থ বরাদ্দ।**

সূত্র: ১। প্রকল্প পরিচালকের স্মারক নং/৩২৫ তারিখঃ-১৩/০৩/২০২৫খ্রিঃ।
২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকার স্মারক নং/৭১(২) তারিখঃ-১৮/০৩/২০২৫খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে চলতি ২০২৪-২০২৫ আর্থিক সালে খরচ করার জন্য ৩০.০০ লক্ষ (ত্রিশ লক্ষ) টাকা মাত্র বরাদ্দ করা হলো।

উক্ত খরচ প্রকল্প পরিচালকের সূত্রস্থ ১নং স্মারক পত্রের মাধ্যমে মঞ্জুরিকৃত এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকার সূত্রস্থ ২নং স্মারক পত্রের মাধ্যমে পৃষ্ঠাংকনের দ্বারা প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট ন্যস্তকৃত ৩০.০০ লক্ষ টাকা হিসাবের কোড নং-৩২৫৮১০৮-অন্যান্য ভবন ও স্থাপনা খাতে ২০২৪-২০২৫ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে ব্যয়/ সংকুলান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পালন পূর্বক ব্যয় করতে হবে। উক্ত অর্থ ব্যয় করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ অবশ্যই অনুসরণ করতে হবেঃ

১। প্রত্যাশি সংস্থার সহিত যোগাযোগ পূর্বক অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।
২। কাজ সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশি সংস্থার নিকট হতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চুড়ান্ত বিল পরিশোধ করতে হবে।
৩। বরাদ্দকৃত অর্থ চলতি আর্থিক সালের মধ্যে ব্যয় করতে হবে এবং খরচের হিসাব বিবরণী এ দপ্তরে/ প্রত্যাশি সংস্থার নিকট দাখিল করতে হবে।
৪। বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।

১৬-০৪-২০২৫
মোঃ সাখাওয়াৎ হোসেন
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
০২২২৩৩৮৮৯১৪
se_coord@pwd.gov.bd

নির্বাহী প্রকৌশলী

ঢাকা গণপূর্ত বিভাগ-১, ঢাকা।

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.০০০.২৩১.২০.০০০৩.২৫.১৬৯/১ (১২)

তারিখ: ৩ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
১৬ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। হিসাব মহানিয়ন্ত্রক, সচিবালয় ভবন,৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সংস্থাপন ও সমন্বয়)/ (পওবিপ্র), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।।
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা মেট্রোপলিটন গণপূর্ত জোন, ঢাকা, ।
৪। মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)/ (পেকু)/ (মনিটরিং এন্ড অডিট), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা গণপূর্ত সার্কেল-১, ঢাকা, ।
৭। প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব) উপজেলা পর্যায়ে ৫০টি কারিগরি প্রশিকষণ কেন্দ্র স্থাপন শীর্ষক প্রকল্প, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২ কাকরাইল, ঢাকা। ইহা তাঁর সূত্রস্থ ১নং স্মারক ও তারিখের বরাতে।।
৮। নির্বাহী প্রকৌশলী (প্রধান প্রকৌশলীর ষ্টাফ অফিসার), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।।
৯। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। ইহা গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করার জন্য প্রেরণ করা হলো।।
১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণলয়, ২য় ১২-তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।।
১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থাপন মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা। ইহা তাঁর সূত্রস্থ ২নং স্মারক ও তারিখের বরাতে।।
১২। গার্ড নথি, হিসাব শাখা-১/ হিসাব সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।।

১৬-০৪-২০২৫
মোঃ সাখাওয়াৎ হোসেন
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)